Bangla

কোভিড-১৯ এর টেষ্টের ফলাফল কিভাবে পাবেন?

NSW GOVERNMENT | Health Pathology

আপনারা তিন ভাবে কোভিড-১৯ টেষ্টের ফল পেতে পারেন:

1. একটি ব্যাক্তিগতকৃত QR কোডের মাধ্যমে
2. রেজাল্ট পোর্টালের মাধ্যমে
3. আপনার মোবাইল ফোনে পাঠানো SMS ম্যাসেজের মাধ্যমে

আপনার টেষ্টের পরে, আপনার ফলাফল পাওয়ার আগ পর্যন্ত আপনাকে স্ব-বিচ্ছিন্ন থাকতে হবে।

- সরাসরি বাড়ী চলে যান এবং নিউ সাউথ ওয়েলস হেলথ অন্য কোন উপদেশ না দেওয়া পর্যন্ত স্ব-বিচ্ছিন্ন থাকুন।
- আপনার রেজাল্ট না পাওয়া পর্যন্ত বাড়ীতে থাকুন, যদিও আপনি অসুস্থ অনুভব না করেন।
- অধিকাংশ লোকজনই তাদের ফলাফল ২৪ ঘন্টার মধ্যে পেয়ে যান।

বিকল্প ১: ব্যাক্তিগতকৃত QR কোড

আপনি যখন টেষ্ট করিয়েছিলেন তখন আপনাকে একটি ফ্লায়ার দেওয়া হয়েছিল, যেoখানে একটি ব্যাক্তিগতকৃত QR কোড আছে (সেখানে আপনার নাম ও জন্ম তারিখ দেওয়া আছে), দয়া করে আপনার মোবাইল ফোনের ক্যামেরা দিয়ে QR কোড স্ক্যান করেন এবং send এ চাপ দিন।

আপনার ব্যাক্তিগত তথ্যাবলী এই QR কোড ধারন করে। এটা অন্য কেউ ব্যবহার করতে পারবেন না।

বিকল্প ২: অন লাইন রেজাল্ট পোর্টাল

- এই ওয়েভ সাইটটি ভিজিট করুন https://my.pathology.health.nsw.gov.au
- আপনাকে আপনার মোবাইল ফোন নাম্বার দেওয়ার জন্য বলবে , তারপর নীল বাটনে ক্লিক করুন। **এখানে মনে রাখা দরকার** যে কান্ট্রি কোড দেখাবে +61 যা অষ্ট্রেলিয়ার জন্য প্রযোয্য। আপনি যদি আর্ন্তজাতিক নাম্বার ব্যবহার করেন, তবে আপনাকে কান্ট্রি কোড +61 থেকে পরিবর্তন করে আপনি যে দেশের নাম্বার ব্যবহার করছেন সেই দেশের কান্ট্রি কোড লিখতে হবে।
- আপনার মোবাইল ফোনে একটি কোড পাঠানো হবে। এই কোডটি ওয়েভ সাইটের যে জায়গায় বলা আছে 'passcode', সেখানে টাইপ করুন এবং ব্লু বাটনটিতে চাপ দিন।

  দ্রষ্টব্য: আপনি যদি প্রথমবারের মত অনলাইন রেজাল্ট পোর্টাল ভিজিট করেন তবে আপনাকে অতিরিক্ত কিছু তথ্য প্রদান করতে হবে।
- 'View Results' *এ ক্লিক করুন এবং আপনাকে নিম্নলিখিত তথ্য প্রদান করতে হবে:*
  - আপনার প্রথম নাম
  - আপনার শেষ নাম
  - আপনার জন্ম তারিখ
  - আপনার বাড়ীর ঠিকানার পোষ্ট কোড
  - আপনার জেন্ডার – উদাহরন হিসাবে বলা যেতে পারে , আপনি পুরুষ অথবা নারী বা অন্য কিছু
  - সংগ্রহের তারিখ – যে তারিখে আপনি টেষ্টটি করিয়েছেন
  - আপনার মেডিকেয়ার নাম্বার, যদি আপনার থেকে থাকে। যদি আপনার না থেকে থাকে, তাহলে এই জায়গাটি খালি রাখুন
- পৃষ্টার উপরের দিকে ব্লু বাটন যেখানে লিখা আছে, 'Select collection centre' এ ক্লিক করুন এবং যেখানে আপনি আপনার কোভিড-১৯ টেষ্টটি করিয়েছেন সে জায়গাটি খুঁজে বের করুন। নিউ সাউথ ওয়েলস হেলথ যেমন কিছু সেন্টার পরিচালনা করে তেমনি

স্বাধীনভাবেও কিছু সেন্টার পরিচালিত হয়। আপনি যদি এমন কোন সেন্টার বেছে নেন যেটি নিউ সাউথ ওয়েলস হেলথ প্যাথলজি দ্বারা পরিচালিত হয় না, সেই ক্ষেত্রে আপনার রেজাল্টের জন্য কিভাবে সংশ্লিষ্ট সেন্টারটির সাথে যোগাযোগ করবেন তা এই ওয়েবসাইটটিতে পাওয়া যাবে।

- আপনার রেজাল্ট দেখার জন্য 'View Results' এ ক্লিক করুন।
- আপনাকে আপনার প্রথম নাম টাইপ করার জন্য বলা হবে এবং জন্ম তারিখ DDMMYYYY এভাবে লিখতে বলা হবে, উদাহরনস্বরুপ, ০১০৫১৯৭১ ।
- আপনি আপনার কোভিড টেস্ট রেজাল্টটি দেখতে এবং এর কপি ডাউনলোড করতে পারবেন।

বিকল্প ৩: SMS এর মাধ্যমে রেজাল্ট পাওয়া

আপনি যদি অনলাইন পোর্টালেনর মাধ্যমে রেজাল্ট পেতে সক্ষম না হন তবে আপনার মোবাইল ফোনে SMS এর মাধ্যমে রেজাল্ট পেতে পারেন।

- 'my result' লিখে 0480 050 030 এ নাম্বারে টেক্সট করুন।
- অনুরোধ করা হলে, দয়া করে নিম্নলিখিত তথ্যগুলা এসএমএস (**SMS)** করুন:
  - আপনার শেষ নাম ।
  - আপনার জন্ম তারিখ, শুধুমাত্র নাম্বার ব্যবহার করা যাবে – DDMMYYYY এই নিয়ম মেনে। উদাহরনস্বরুপ, ০১০১২০০০
  - আপনি যদি একজন শিশুর নাম রেজিষ্টেশন করাতে চান, তাহলে আপনি শিশুটির পিতামাতা বা অভিবাবক কি না এবং এই শিশুটির স্বাস্থ্য সম্পর্কিত ব্যাপারে আপনার সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা আছে কি না তা নিশ্চিত করার জন্য আপনাকে বলা হবে। নিশ্চিত করার জন্য Yes লিখে টেক্সট করুন।
  - আপনার জেন্ডারের জন্য পুরুষের ক্ষেত্রে M লিখে এবং মহিলা হলে F ও অন্যান্য ক্ষেত্রে O লিখুন।
  - আপনার পোস্টকোড (উদাহরনস্বরুপ ২১১৪)
  - যে তারিখে আপনার কোভিড-১৯ টেস্টটি করিয়েছেন যেমন DDMMYYYY এই নিয়ম মেনে লিখতে হবে, উদাহরনস্বরুপ, ০১০৫২০২১
- আপনার বিস্তারিত সঠিক কি না তা যাচাই করুন এবং যদি এই গুলো সঠিক হয়ে থাকে তাহেল Yes টাইপ করুন। আপনি যদি কোন ভুল করে থাকেন তাহলে পুনরায় শুরু করার জন্য No টাইপ করুন।
- আপনি যখন এই প্রক্রিয়াটি শেষ করবেন তখন **"আপনার রেজিস্ট্রেশনটি আমরা পেয়েছি" ('Your registration has been received')** বলে ম্যাসেজ পাবেন।
- আপনি একটি পাসকোড (passcode) ও পাবেন এবং আপনার রেজাল্ট পেতে হলে এই পাসকোডটি টাইপ করতে হবে।
- আপনার রেজাল্ট যখন রেডী হবে তখন আপনি একটি SMS ম্যাসেজ পাবেন যেখানে আপনাকে বলা হবে 'Ready' এবং আপনার পাসকোড টাইপ করার জন্য।
- তারপর আপনার ফোনে আপনার রেজাল্ট আসবে।

আপনার কি কিছু সাহয়তা প্রয়োজন ?
আপনার রেজাল্ট পেতে সমস্যা হলে এবং এটা পেতে ৪৮ ঘন্টার বেশী লাগলে, আপনি আমাদের ওয়েব সাইটে https://www.pathology.health.nsw.gov.au/covid-19-info/covid-19-results-direct ভিজিট করে দেখতে পারেন।

আমার রেজাল্টে যদি দেখা যায় যে আমার কোভিড -১৯, তখন কি হবে ?

আপনার টেস্টে যদি দেখা যায় যে আপনার কোভিড-১৯ পজেটিভ, এবং আপনি যদি এই বিকল্পগুলোর মধ্যে একটির মাধ্যমে আপনার ফলাফল পেতে নিবন্ধন করেছেন, আপনি একটি এসএমএম পাবেন যেখানে আপনাকে বলা হবে যে রেজাল্ট পোর্টালের মাধ্যমে আপনার রেজাল্ট পাবেন, স্ব-বিচ্ছিন্নতার সম্পর্কে আরও তথ্যসহ অন্যান্য তথ্য পাবেন।

স্থানীয় পাবলিক হেলথ টিমের কোন স্টাফও আপনার সাথে যোগাযোগ করবে।

গোপনীয়তা সংগ্রহের নোটিশ: নিউ সাউথ ওয়েলস হেলথ প্যাথলজি কোভিড-১৯ টেস্টের ফলাফল প্রদানের জন্য তাদের রোগীদের সম্পর্কে তথ্য সংগ্রহ করা হয়। এই তথ্যাবলী সাধারনত নিউ সাউথ ওয়েলস হেলথে ব্যবহৃত হয়, তবে রোগিদের রেজাল্ট নোটিফিকেশনের জন্য ServiceNSW এর কাছে প্রকাশ করা হতে পারে । একটি সরকারী সংস্থায় তথ্যাবলী রক্ষিত থাকে এবং সেখান থেকে এ তথ্য পাবার আইনি অধিকার সংশ্লিষ্ট ব্যাক্তির আছে। I আরও তথ্যের জন্য www.pathology.health.nsw.gov.au/about-us/privacy এ ভিজিট করুন। অনুরোধ করা তথ্যের সম্পূর্ণ বা আংশিক প্রদান না করার ফলে NSWHP রোগীদের পরীক্ষার ফলাফল দিতে সক্ষম না ও হতে পারে।.